দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ৪

# দিরাইয়ে প্রাইমারি স্কুলগুলোতে ৫২ প্রধান শিক্ষকসহ ৯০টি পদ শূন্য

■ দিরাই (সুনামগঞ্জ) সংবাদদাতা

দিরাই উপজেলার প্রাইমারি স্কুলগুলো নানা সমস্যায় জর্জরিত। উপজেলায় ৫২টি প্রধান শিক্ষকের পদসহ মোট ৯০ জন শিক্ষকের পদ শূন্য। দিরাই উপজেলার শতাধিক গ্রামে এখনও প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়নি। দিরাই উপজেলার অধিকাংশ প্রাথমিক বিদ্যালয় ভবন জরাজীর্ণ। বর্ষার সময় বৃষ্টির পানি পড়ে বিদ্যালয়ের ভিতরে কাদা-পানিতে একাকার হয়ে যায়। অনেক দিন যাবৎ জরাজীর্ণ বিদ্যালয় ভবন মেরামতের কোন উদ্যোগ নেই। দিরাই পৌর সদরের রাধানগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাউন্ডারি দেয়াল না থাকায় বিদ্যালয় প্রাঙ্গণটি এখন গোচারণ ভূমিতে পরিণত হয়েছে।

উপজেলা প্রাথমিক অফিস জানায়, দিরাইয়ের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৯৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৪টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য এবং ২৩টি সহকারী শিক্ষকের পদশূন্য। সদ্য সরকারি ৬১টি প্রধান শিক্ষকের মধ্যে ৩৮টি প্রধান শিক্ষকের পদ শূন্য। সহকারী শিক্ষকের পদ ১৪টি শূন্য। এদিকে উপজেলা শিক্ষা কর্মকর্তার পদটি দীর্ঘদিন শূন্য। সহকারী শিক্ষা কর্মকর্তার ৮টি পদের মধ্যে ৪টি পদ শূন্য। ইউডি ১টি, এলডিএ ১টি, অফিসে এমএলএসএস'র পদটি শূন্য। ফলে উপজেলা শিক্ষা অফিসে কাজের কোন পরিবেশ নেই।